

তারিখ: 28 MAY 2023
বৃত্তা ...

ঢাবি'র চার বছর মেয়াদি অনার্স : প্রফেশনাল ডিগ্রি বলে গণ্য করার সুপারিশ

বিশ্ববিদ্যালয় রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার বছর মেয়াদি অনার্স ডিগ্রিকে প্রফেশনাল ডিগ্রি হিসেবে গণ্য করার জন্য কর্তৃপক্ষ সরকারের কাছে সুপারিশ করেছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থায় এ ব্যাপারে চিঠি পাঠানো হয়েছে। জানা গেছে, গত বছরের ২৪ নভেম্বরে সিন্ডিকেট বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার বছরের অনার্স ডিগ্রিকে দেশের অন্যান্য

পাবনা (ফেমন মেডিকেল ইঞ্জিনিয়ারিং)

প্রচলিত চার বছরের অনার্স ডিগ্রির সমমান দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। সিন্ডিকেটের এ বৈঠকের আগে গত ২০ নভেম্বর একাডেমিক পরিষদের দু'দিনব্যাপী সভায় ব্যাপক আলোচনা-পর্যালোচনা শেষে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য সুপারিশ করা হয়েছিল। কিন্তু এরপর কর্তৃপক্ষ এ ব্যাপারে সুস্পষ্ট কোন ব্যাখ্যা না দেয়াম ছাত্রছাত্রীরা বিধা-বন্ধে পড়ে যায়। সর্বশেষ গত নাসে কয়েক হাজার ছাত্রছাত্রী অনার্স ডিগ্রিকে প্রফেশনাল ডিগ্রি ঘোষণার দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন শেষে উপাচার্য অধ্যাপক এসএমএ ফারুককে আরকশিপি দেয়। তারপর কর্তৃপক্ষ এ ব্যাপারে ত্বরিত পদক্ষেপ নেয়।